



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**8 OCTOBER 2024**

**7:35 AM IST**

=====

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল গুয়াহাটি মেডিকেল কলেজ ও হাসপাতাল প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে ৩৮৫ জন চাকুরী প্রার্থীর নিযুক্তিপত্র বিতরণ করেছেন। এরমধ্যে শিক্ষা বিভাগে ২৮৪ জন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগে ১০১ জন প্রার্থীকে নিযুক্তি পত্র দেওয়া হয়েছে। উল্লেখ্য- রাজ্য সরকারের একলক্ষ নিযুক্তি প্রদানের প্রতিশুতি অনুসারে গত ২৬শে সেপ্টেম্বর পর্যন্ত একলক্ষ ২৪ হাজার ৬৩ ৪৫ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয়েছিল। গতকালের এই নিযুক্তির পর সমগ্র আসামে মোট নিযুক্তির সংখ্যা বেড়ে একলক্ষ ২৫ হাজার ৩০ এ দাঁড়িয়েছে। অনুষ্ঠানের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডষ্টির শর্মা জানান যে- এখনও প্রায় ৪০ হাজার পদের জন্য নিযুক্তি প্রক্রিয়া চলছে। ২০২৬ সালের মধ্যে একলক্ষ ৭০ হাজার নিযুক্তি সম্পন্ন করার লক্ষ্যে সরকার কাজ করছে বলেও মুখ্যমন্ত্রী জানান। এপর্যন্ত সম্পন্ন হওয়া একলক্ষেরও বেশি নিযুক্তি সম্পর্কে কোনো ধরণের অনিয়ন্ত্রে অভিযোগ উত্থাপন হয়নি বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা মন্তব্য করেছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণজিৎ পেগু বলেন যে- আসাম সরকার জনসাধারণের আস্থা ও বিশ্বাসের মূল্য দেওয়ার জন্যে প্রতিশুতিবন্ধ যা একলক্ষ নিযুক্তি অতিক্রম করার বিষয়টি এইকথাই প্রমাণ করে ।

---

মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন যে রাজ্য সরকার রাজ্যের চা বাগানের শ্রমিক-কর্মচারীদের ২০ শতাংশ পূজা পূজার বোনাস প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে । এর দ্বারা রাজ্যের ৮ শোরও অধিক চা বাগানের ১০ লক্ষেরও অধিক শ্রমিক-কর্মচারী উপকৃত হবেন । উল্লেখ্য এই বোনাস প্রদানের জন্য রাজ্য সরকার ৭৮ কোটিরও অধিক টাকা ব্যয় করবে ।

---

‘সড়ক সুরক্ষা জীবন রক্ষা’ শোগানের মাধ্যমে আসাম সরকারের রাজ্যের পরিবহণ বিভাগ গতকাল থেকে আগামী ১৩ই অক্টোবর পর্যন্ত সমগ্র রাজ্যজুড়ে সড়ক সুরক্ষা সপ্তাহ পালন করছে । গতকাল রাজ্যের পরিবহণ মন্ত্রী কেশব মহন্ত আসাম প্রশাসনিক মহাবিদ্যালয়ের মাঠে সড়ক সুরক্ষা সপ্তাহের সচেতনতামূলক বাইক র্যালির উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীমহন্ত দুর্ঘটনা প্রতিরোধে যানবাহন আইন মেনে চলার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন । সব চালকদের বাহনের গতির প্রতি লক্ষ্য রেখে যানবাহন আইন মেনে চলা, সুরক্ষার জন্যে সিটিবেল্ট ও হেলিমেট পরা এবং মদ্যপান করে গাড়ি না চালাতে পরিবহণ বিভাগের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলার বাজাড়িছড়া পুলিশ স্টেশন এলাকায় কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন। নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে বাজাড়িছড়া পুলিশ স্টেশন এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি এবং জনমনে শান্তি সম্প্রীতি বিস্তি হওয়ার আংশকা রয়েছে। এর পরিপ্রেক্ষিতে করিমগঞ্জের জেলা ম্যাজিষ্ট্রেট ঐ এলাকায় বিনা অনুমতিতে পাঁচ বা ততোধিক ব্যক্তির জমায়েত নিষিদ্ধ করেছেন। এছাড়া অনুমতি ছাড়া কোন ধরনের আন্দোলন কার্যসূচী, বন্ধ, র্যালী, ধর্না প্রদর্শন, লাউড স্পিকারের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

---

রাজ্যের কৃষি বিভাগ কৃষিক্ষেত্রের উন্নয়ন ও কৃষকদের সহায়ক হিসেবে ব্যবহারের জন্য গতকাল কৃষকদের মধ্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি ও ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ সহ কৃষি বিজ্ঞান কেন্দ্রও চালু করা হয়েছে। এ উপলক্ষ্যে গুয়াহাটির শ্রীমন্ত শক্রদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা ২৫০টি কৃষি গোষ্ঠী এবং দু হাজার চারশ নং জন কৃষককে ট্রান্স্ট্রি, পাওয়ার টিলার, চারা রোপণ যন্ত্র সহ বিভিন্ন যন্ত্রপাতি বিতরণ করেন। অনুষ্ঠানে কৃষকদের মধ্যে চার লক্ষেরও বেশি ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ করা হয়েছে। এছাড়া ৯৬টি কৃষি বিজ্ঞান কেন্দ্রও খোলা হয়েছে। একইসঙ্গে কৃষি উন্নয়ন আধিকারিকের ৯৩টি কার্যালয়ও খোলা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বরাও উপস্থিত ছিলেন।

এপর্যন্ত ২৩ লক্ষেরও বেশি কৃষককে ভূমি স্বাস্থ্যপত্র বিতরণ করা হয়েছে।

---

স্টেট ইনসিটিউট অফ পঞ্চায়েত এন্ড রংগেল ডেভোলাপমেন্ট এক্সটেনশন সেন্টারের উদ্যোগে হাইলাকান্দি জেলায় ২০২৫-২৬ অর্থ বছরে পঞ্চায়েতের উন্নয়নে জনসাধারনের পরিকল্পনা শীর্ষক একদিনের কর্মশালা গতকাল বোয়ালিপারে অনুষ্ঠিত হয়েছে। জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লক্ষ্মণ এই কর্মশালার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী লক্ষ্মণ সংবিধানের ১১ নম্বর অনুচ্ছেদে বর্ণিত ২৯টি বিষয়ের উপর আলোকপাত করেন। কর্মশালায় সহকারী খন্দ উন্নয়ন আধিকারীক, গ্রাম পঞ্চায়েত সচিব, গ্রামীন জীবিকা মিশনের ডি পি এম প্রমুখ অংশগ্রহণ করেন।

---

কাছাড়ের জেলা সমাজ কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তিতে শুধুমাত্র রেজিষ্টার্ড ট্র্যাভেল এজেন্সিগুলি থেকে বার্ষিক ভাড়ার ভিত্তিতে গাড়ি সরবরাহ করার জন্য আমন্ত্রন জানিয়েছেন। এ সংক্রান্ত দরপত্র আগামী ১৪ই অক্টোবর দুপুর দুটো পর্যন্ত জমা করা যাবে। বিশদ বিবরন জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে।

---

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল বদরপুর ঘাটে অভিযান চালিয়ে দশ হাজার ইয়াবা ট্যাবলেট সহ একজন যুবককে আটক করেছে। আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে ধৃত ব্যক্তি কাছাড় জেলার কাটিগড়ার বাসিন্দা দিলোওয়ার হোসেন চৌধুরী। পুলিশ জানিয়েছে যে ধৃত

ব্যক্তির কাছ থেকে আনুমানিক বাজার মূল্য প্রায় এক কোটি টাকার ইয়াবা  
ট্যেবলেট বাজেয়াপ্ত করা হয়েছে।

---

---